দৈনিক
আমাদের সময়

12 AUG 2016

# পিস নামে ঢাকার দুটি কলেজের পাঠদান বাতিল

নিজস্ব প্রতিবেদক ●
ঢাকা পিস কলেজ ও পিসফুল কলেজ নামে রাজধানী ঢাকার দুটি কলেজের পাঠদান বাতিল করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। গতকাল সন্ধ্যায় এ বিষয়ে আদেশ জারি করেছে বোর্ড।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান জনান, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে তারা এ সিদ্ধান্ত নিয়েছেন। এখন এই কলেজের শিক্ষার্থীরা চাইলে পার্শ্ববর্তী অন্য কলেজে ভর্তির সুযোগ করে দেওয়া হবে। ঢাকা বোর্ড সূত্র জানায়, 'ঢাকা পিস কলেজ' গুলশানের ভাটারার নতুনবাজার এরপর পৃষ্ঠা ২, কলাম ২

## পিস নামে ঢাকার

(শেষ পৃষ্ঠার পর) এলাকায় অবস্থিত। এই কলেজে মোট শিক্ষার্থী ১০২ জন। 'পিসফুল কলেজ' দক্ষিণ বনশ্রীতে অবস্থিত। এই কলেজে শিক্ষার্থী ১১৯ জন। এর আগে মন্ত্রণালয়ের নির্দেশে লালমাটিয়ায় অবস্থিত 'পিস ইন্টারন্যাশনাল স্কুল'-এর সাময়িক নিবন্ধন বাতিল করে ঢাকা বোর্ড। পাশাপাশি শিক্ষা মন্ত্রণালয় 'পিস' নামে চালু অনুমোদনহীন সব স্কুল বন্ধ করতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ জানায়।